# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৫২

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ আল্লাহর যিকির করার জন্য যারা একত্রিত হয়, ফেরেস্তাগণ তাদেরকে পরিবেষ্টন করে রাখে সাথে সাথে তাদের উপর প্রশান্তি অবতীর্ণ হয়

ذكر حفوف الملائكة بالقوم يجمعون عَلَى ذِكْرِ اللَّهِ مَعَ نُزُولِ السَّكِينَةِ عَلَيْهِمْ

---

আরবী

852 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا خَلَفُ بْنُ هِشَامٍ الْبَزَّارُ قَالَ: حَدَّثَنَا أَبُو الْأَحْوَصِ عَنْ أَبِي إِسْحَاقَ عَنِ الْأَغَرِّ قَالَ: أَشْهَدُ عَلَى أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ وَأَبِي هُرَيْرَةَ أَنَّهُمَا شَهِدَا عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: (مَا جَلَسَ قَوْمٌ يَذْكُرُونَ اللَّهَ إِلَّا حَفَّتْهُمُ الْمَلَائِكَةُ وَغَشِيَتْهُمُ الرَّحْمَةُ وَنَزَلَتْ عَلَيْهِمُ السَّكِينَةُ وَذَكَرَهُمُ اللَّهُ فِيمَنْ عنده)
الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيّ وَأَبُو هُرَيْرَةَ اا المحدث : العلامة ناصر الدين الألباني ا
المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 852 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৮৫২. আবূ হুরাইরা ও আবূ সা‘ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উপস্থিত ছিলেন, এসময় তিনি বলেন, “কোন সম্প্রদায় বসে আল্লাহর যিকির করলে ফেরেস্তাগণ তাদের পরিবেষ্টন করে রাখেন, রহমত তাদেরকে ঢেকে রাখে, তাদের উপর প্রশান্তি অবতীর্ণ হয় এবং আল্লাহ তাদের কথা তার নিকট (ফেরেস্তাগণের) মাঝে আলোচনা করেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৪৪৭; সহীহ মুসলিম: ২৭০০; তিরমিযী: ৩৩৭৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৭৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89355

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন